**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় গান্ধীজয়ন্তী উদযাপিত ।**

**(২) মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্যে শিক্ষা ক্ষেত্রের সার্বিক বিকাশে বর্তমান সরকার বহুমুখী পদক্ষেপ নিয়েছে ।**

**(৩) তৃতীয় পর্যায়ের বিশেষ স্বচ্ছতা প্রচারাভিযান আজ থেকে শুরু হয়েছে ।**

**(৪) রাজ্যের বিশিষ্ট হজাগিরি নৃত্য শিল্পী সত্যরাম রিয়াং প্রয়াত ।**

**(৫) মধ্যপ্রদেশের অনন্তপুরমে অনুষ্ঠিত অনূর্ধ্ব–১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ছেলেদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপের তৃতীয় খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে।**

********************************************

**Gandhi–National :**

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪তম জন্মবার্ষিকী আজ দেশজুড়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ–রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী,

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে প্রমুখ। আজ সকালে রাজঘাটে মহাত্মা গান্ধীর সমাধিস্থলে গিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

সামাজিক মাধ্যমে গান্ধীজিকে স্মরণ করে প্রধানমন্ত্রী লিখেছেন, গান্ধীজির কালজয়ী শিক্ষা আমাদের পথকে আলোকিত করে চলেছে। মহাত্মা গান্ধীর প্রভাব বিশ্বব্যাপী, সমগ্র মানবজাতিকে ঐক্য ও সহানুভূতির চেতনাকে আরও এগিয়ে নিয়ে যেতে অনুপ্রাণিত করে। তাঁর চিন্তাভাবনা যেন প্রতিটি যুবককে সেই পরিবর্তনের প্রতিনিধি হতে সক্ষম করে, যে স্বপ্ন তিনি দেখেছিলেন, সর্বত্র একতা ও সম্প্রীতি বৃদ্ধির।"

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, "স্বাধীনতার সময় মহাত্মা গান্ধী যেভাবে দেশকে নেতৃত্ব দিয়েছিলেন এবং স্বদেশী, স্বরাজ, স্বনির্ভরতা এবং পরিচ্ছন্নতার দর্শন নিয়ে জনসচেতনতা তৈরি করেছিলেন, তা আজও আমাদের সকলের জন্য অনুপ্রেরণা।

রাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় গান্ধীজয়ন্তী উদযাপন করা হয়। গান্ধীজয়ন্তী উদযাপন উপলক্ষে আজ সার্কিট হাউস সংলগ্ন মুর্তি প্রাঙ্গনে জাতির জনক মহাত্মা গান্ধীর মুর্তিতে মালাদান ও পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। অনুষ্ঠানে রামধুন, ভজন ও ভক্তিমূলক সংগীত পরিবেশন করা হয়।

তাছাড়াও গান্ধীঘাটস্থিত গান্ধীবেদী প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করে ও গান্ধীবেদীতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। অনুষ্ঠানে রামধুন ও ভজন

পরিবেশিত হয়। প্রদেশ কংগ্রেস নেতৃবৃন্দও গান্ধীঘাটের গান্ধিবেদীতে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

আজ পোস্ট অফিস চৌমুহনিস্থিত কংগ্রেস ভবনে পতাকা উত্তোলন সহ গান্ধীজির প্রতিকৃতিতে মাল্যদান করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ, প্রাক্তন বিধায়ক দিবাচন্দ্র রাংখল ও অন্যান্য নেতৃবৃন্দ।

মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় পুরাতন আগরতলা ব্লক এলাকায়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন বিশ্বজিৎ শীল।

সোনামুড়া টাউন হলে মহাত্মা গান্ধী জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া।

খোয়াই মহকুমা ভিত্তিক মহাত্মা গান্ধীজির জণ্মজয়ন্তী উদযাপন করা হয় খোয়াই হরি মন্দির প্রাঙ্গণে। উপস্থিত ছিলেন খোয়াই জেলা পরিষদের সদস্য  সুব্রত মজুমদার, খোয়াই পুর পরিষদের চেয়ারম্যান দেবাশীষ নাথ শর্মা। হরিমন্দির প্রাঙ্গণে স্বচ্ছ ভারত অভিযান অনুষ্ঠিত হয়।

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ সকালে কৈলাশহর পুর ভবন চত্বরে এক অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি শ্যামল দাশ, কৈলাশহরের S.D.M প্রদীপ সরকার প্রমুখ।

এখানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠান শেষে "স্বচ্ছতা হি সেবা" কর্মসূচির অঙ্গ হিসাবে কৈলাশহর পুর এলাকায় সাফাই কর্মসূচি অনুষ্ঠিত হয়। গান্ধী জয়ন্তী উপলক্ষে আজ সকালে ঊনকোটি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে প্রভাতফেরি কৈলাশহরে অনুষ্ঠিত হয়েছে।

এদিকে কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান ও ইতিহাস বিভাগের উদ্যোগে আজ গান্ধীজীর চিন্তা-ভাবনা ও গান্ধীদর্শন নিয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, কলেজের অধ্যক্ষ ডক্টর পিণাকী পাল।

দক্ষিন জেলার বিলোনিয়ার বরোজ কলোনিতে গান্ধীমূর্তির পাদদেশে বিলোনিয়া মহকুমা ভিত্তিক গান্ধী জয়ন্তীর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ জেলা শাসক সাজু ওয়াহিদ আহমেদ, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ। সাব্রুমের ঋষি অরবিন্দ মিলনায়তনে সাব্রুম মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, মহকুমা শাসক বিধান চন্দ্র রায় প্রমুখ। শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে হয় শান্তিরবাজার মহকুমা ভিত্তিক গান্ধী জয়ন্তীর অনুষ্ঠান।

উদয়পুর পুর পরিষদের উদ্যোগে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। একই সঙ্গে স্বচ্ছতা হি সেবার পক্ষকাল ব্যাপি কর্মসূচিরও আজ সমাপ্তি হয় ।

উদয়পুর চিলড্রেন পার্কে আয়োজিত অনুষ্ঠানে উদয়পুর পুর পরিষদের সাফাই মিত্রদের সুরক্ষা সামগ্রী প্রদান করা হয় ।

অনুষ্ঠানের সূচনা করেন গোমতী জেলার ভারপ্রাপ্ত জেলা সভাধিপতি দেবল দেবরায় । উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের ভাইস চেয়ারম্যান প্রদীপ দেবনাথ।

ধলাই জেলাতেও জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। জেলার মূল অনুষ্ঠানটি আমবাসা টাউনহলে। অনুষ্ঠানের সূচনা করেন আমবাসা পৌর পরিষদের চেয়ারম্যান গোপাল সূত্রধর। সভাপতিত্ব করেন ক্রীড়া স্বাস্থ্য ও সাংস্কৃতিক বিষয়ক কমিটির সভাপতি সুমন দেবনাথ।

*****************************

**Lal Bahadur-PM :**

প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর জন্মদিনে শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। আজ সকালে নতুন দিল্লিতে বিজয় ঘাটে গিয়ে তারা লালবাহাদুর শাস্ত্রীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

***************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে শিক্ষা ক্ষেত্রের সার্বিক বিকাশে বর্তমান সরকার বহুমুখী পদক্ষেপ নিয়েছে। শিক্ষার পরিকাঠামোগত উন্নয়নের মাধ্যমে রাজ্যের ছাত্রছাত্রীদের গুণগতমানের শিক্ষা প্রদানে অগ্রাধিকার দেওয়া হয়েছে। আজ নরসিংগড়স্থিত ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরের ২৮তম প্রতিষ্ঠা দিবসে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী একথা বলেন। প্রতিষ্ঠা দিবসের পাশাপাশি এই বিদ্যামন্দিরে আজ গান্ধী জয়ন্তীও

পালন করা হয়। প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের শিক্ষাব্যবস্থার প্রতি অবিভাবকদের পূর্ণ বিশ্বাস রাখা উচিত। তাই ছেলেমেয়েদের প্রাইভেট টিউশনের প্রতি ঝোঁক না বাড়িয়ে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থার প্রতি আস্থা রাখার জন্য আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে ভবনস ত্রিপুরার ডিরেক্টর জিবি সুব্রামনিয়ম অধ্যক্ষ স্বপ্না সোম ও চেয়ারম্যান দেবাশিষ চক্রবর্তী বক্তব্য রাখেন।

****************************

**Swachata Campaign 3.0 :**

তৃতীয় পর্যায়ের বিশেষ স্বচ্ছতা প্রচারাভিযান আজ থেকে শুরু হয়েছে। এই অভিযানে চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত চলবে। কর্মী, জন অভিযোগ ও পেনশন মন্ত্রকের মতে গত দুটি স্বচ্ছতা প্রচারাভিযানের সময় ৯০ লক্ষ বর্গফুট প্রাইম অফিস স্পেস পরিষ্কার করা হয়েছে। এছাড়াও সরকার স্ক্র্যাপ নিষ্পত্তি থেকে ৩৭০ কোটি টাকারও বেশি রাজস্ব আয় করেছে এবং চার লক্ষ ৫৬০০০ জন অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

****************************

**Martyaram Reang :**

রাজ্যের বিশিষ্ট হজাগিরি নৃত্য শিল্পী পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত সত্যরাম রিয়াং আজ সকালে বীরচন্দ্রমনুর দশমী রিয়াং পাড়ার নিজ বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। আজ দুপুরে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। ২০০৪ সালে তিনি সংগীত নাটক একাডেমী পুরস্কার পেয়েছিলেন। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী

অধ্যাপক ডাঃ মানিক সাহা। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'পদ্মশ্রী সত্যরাম রিয়াং এর প্রয়াণ রাজ্যের সংস্কৃতি জগতের এক অপূরণীয় ক্ষতি। ঐতিহ্যবাহী হজাগিরি নৃত্যকে বিশ্বমাঝে তুলে ধরার ক্ষেত্রে সত্যরাম রিয়াং এর অসাধারণ অবদান রয়েছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, সংসদ বিপ্লব কুমার দেব, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায়, সিপিআইএম পরিষদীয় দলনেতা জিতেন্দ্র চৌধুরী ও বিশিষ্ট হ্জাগিরি নৃত্যশিল্পী সত্যরাম রিয়াং'এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

**************************

**Earth Quake :**

আজ সন্ধ্যা ৬টা ১৫ মিনিট নাগাদ উত্তর পূর্বাঞ্চলের কিছু অংশে মৃদু ভূকম্পন অনুভূত হয়। আগরতলা বিমানবন্দরের আবহাওয়া দপ্তর থেকে জানা গেছে ভুমিকম্পের তীব্রতা ছিল রিখটার স্কেলে ৫.২। মেঘালয়ের উত্তর গারো হিলসে ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার নীচে ছিল ভূমিকম্পের উৎসস্থল।

***************************

**CM-Deepak :**

রাজ্যের অর্থনৈতিকভাবে পিছিয়ে পরা মেধাবী ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রবেশিকা পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে আসাম রাইফেলস বাহিনীর উদ্যোগে 'দীপক প্রকল্প' চালু হচ্ছে। আজ আগরতলার ২১ আসাম রাইফেলস কার্যালয়ে আসাম রাইফেলস, এনআইইডিও এবং এক্সিস ব্যাঙ্কের মধ্যে 'দীপক প্রকল্পে' মউ স্বাক্ষর হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, দীপক

প্রকল্পটি ইতিমধ্যেই উত্তর পূর্বাঞ্চলের মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম ও অরুনাচল প্রদেশে চালু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিকাশ ছাড়া দেশের সার্বিক বিকাশ সম্ভব নয়। এই ধারণাকে পাথেয় করে উত্তর পূর্বাঞ্চলের মানব সম্পদের বিকাশে 'দীপক প্রকল্প' গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্রিগেডিয়ার বিক্রম গুলেরিয়া।

***************************

**CRPF Women Bike :**

নারী ও শিশু উন্নয়ন মন্ত্রকের সহযোগিতায় CRPF-র উদ্যোগে CRPF মহিলা বাইক চালকদের একটি দল সশস্বিনী নিয়ে একটি ক্রস কান্ট্রি বাইক অভিযানের আয়োজন করেছে। দেশের মহিলা ক্ষমতা বা নারী শক্তি উদযাপনের জন্য এই অভিযানের আয়োজন করা হয়েছে। আগামীকাল মোট ১৫০ জন মহিলা CRPF অফিসার তিনটি দলে ভাগ হয়ে ক্রস কান্ট্রি সমাবেশের যাত্রা করবে। ৭৫টি রয়াল এনফিল্ড মোটরবাইকে চড়ে উত্তর ভারতের শ্রীনগর থেকে পূর্ব ভারতের শিলং থেকে এবং দক্ষিন ভারতের কন্যাকুমারী থেকে তাদের যাত্রা শুরু করবে। আগামী ৩১শে অক্টোবর গুজরাটের একতা নগরে যাত্রা শেষে একত্রিত হবে। তাদের যাত্রাপথে 'বেটি বাঁচাও বেটি পড়াও'-র নির্ধারিত গ্রুপ যেমন স্কুল কলেজের ছাত্রী, মহিলা স্বনির্ভর গোষ্ঠী, NCC-র ক্যাডেটে, কিশোরী মেয়ে, ছেলেদের সঙ্গে মত বিনিময় করবেন।

'দেশ কে হাম হ্যয় রক্ষক' এই বার্তা প্রচার করার পাশাপাশি মহিলা বাইক চালকদের 'বেটি বাঁচাও, বেটি পড়াও' এর সামাজিক বার্তাকে তাদের প্রচারে অন্তর্ভুক্ত করেছে।

*****************************

**Workshop :**

স্বাবলম্বী ভারত অভিযানের অঙ্গ হিসাবে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সংস্থা অনলাইন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স এর উদ্যোগে আজ আগরতলা গীতাঞ্জলি গেস্ট হাউসে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় রাজ্যের বিভিন্ন প্রান্তের স্ব-সহায়ক দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। কর্মশালার মূল উদ্দেশ্য সম্পর্কে স্বদেশী জাগরণ মঞ্চ ও সংস্থার দায়িত্বপ্রাপ্ত জাতীয় কো-কনভেনার ডি রাম আগরওয়াল বলেন, স্ব সহায়ক গোষ্ঠীর উৎপাদিত পণ্য সামগ্রী অনলাইনের মাধ্যমে দেশ-বিদেশের বাজারে কিভাবে সঠিক দামে বিক্রি করা যায় তার জন্য একটি প্লাটফর্ম দেখানোর উদ্দেশ্যেই এই কর্মশালা। তিনি বলেন, মহাত্মা গান্ধীর জন্মদিনে এই অনুষ্ঠান করার অর্থই হচ্ছে সাধারণ মানুষকে আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলা।

***************************

**Blood Donation :**

জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবস উপলক্ষে সোসাইটি অফ ভলান্টারি ব্লাড ডোনার্স এর উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, রামকৃষ্ণ মিশন ও মঠের রাজ্য সহ-সম্পাদক স্বামী

ভক্তি প্রভানন্দ, সোসাইটির সভাপতি চন্দন সরকার প্রমুখ। রক্তদান শিবিরে মোট ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*******************************

**CITU :**

আগরতলা শহরের বিভিন্ন এলাকায় আগরতলা পুর নিগমের পক্ষ থেকে যে উচ্ছেদ অভিযান করা হচ্ছে, সিটুর পক্ষ থেকে তার সমালোচনা করা হয়েছে। সিটু্য রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য তপন দাস এক বিবৃতিতে অভিযোগ করেন, হকারদের সঙ্গে আলোচনা না করে শারদীয়া দুর্গোৎসবের আগে এই উচ্ছেদ অভিযান চালানোর ফলে ক্ষুদ্র ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তিনি এই সব হকারদের ক্ষতিপুরন দেওয়ার দাবি করেন ও অবিলম্বে এই উচ্ছেদ অভিযান বন্ধ রাখার অনুরোধ জানান।

*****************************

**Subjunior Football :**

মধ্যপ্রদেশের অনন্তপুরমে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ছেলেদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপের তৃতীয় খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে। আজ রাজ্যদল ১-০ গোলে উত্তরাখণ্ডকে হারিয়ে দেয়। আর ডি টি স্পোর্টস ভিলেজের ১ নম্বর মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদলের পক্ষে বেরডম দেববর্মা জয়সূচক গোলটি করে। এর আগে আসরের প্রথম খেলায় রাজ্যদল আন্দামান নিকোবরকে হারালেও দ্বিতীয় খেলায় বিহারের কাছে পরাজিত হয়।

**********************